# Times Today BD

রাসেল রানা | দেশজুড়ে | 12 May, 2025

বরেন্দ্র এলাকা নওগাঁয় দীর্ঘ প্রতিক্ষার পর আম চাষীদের অবসান হতে চলেছ।জেলা কৃষি অফিস ও জেলা প্রশাসনের পক্ষ থেকে আম পাড়ার ক্যালেন্ডারের উদ্বোধন করা হয়েছে। আজ সোমবার দুপুরে জেলা প্রশাসনের উদ্যোগে জেলা প্রশাসকের সভাকক্ষে এক আলোচনা শেষে ক্যালেন্ডারের উদ্বোধন করা হয়।

এসময় জেলা প্রশাসক আব্দুল আউয়াল, জেলা কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের উপপরিচালক আবুল কালাম আজাদ বক্তব্য রাখেন।

এসময় বিভিন্ন উপজেলার ইউএনও, কৃষি অফিসার, আম চাষী ও ব্যবসায়ি, উদ্যোক্তা এবং সংবাদকর্মীরা উপস্থিত ছিলেন।

আগামী ২২ মে গুটি আম পাড়ার মধ্য দিয়ে আম নামানো শুরু হবে।এরপর পর্যায়ক্রমে ৩০ মে ক্ষিরসাপাত/হিমসাগর, ৫ জুন নাকফজলি, ১০ জুন ল্যাংড়া/হাড়িভাঙ্গা, ২৫ জুন ফজলি/ ব্যানানা ম্যাংগো, ২৮ জুন আম্রপালি এবং ১০ জুলাই আশ্বিনা/বারি-৪/বারি-১১/গড়মতি/কাটিমন আম পাড়ার ক্যালেন্ডার প্রকাশ করা হয়।

নওগাঁ আম

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 27 June, 2025 02:18

URL: https://www.timestodaybd.com/public/across-the-country/7758072363